### জমিয়াতুল মোদার্রেছীনের সুপারিশ শিক্ষা কমিশন রিপোর্টে সম্পৃক্ত করা হবে : খলীকুজ্জামান

# মাদ্রাসা শিক্ষা বিলীনের শিক্ষানীতি ইসলামী জনতা মেনে নেবে না

## জমিয়াতুল মোদার্রেছীনে সম্মেলনে কেন্দ্রীয় ও জেলা নেতৃবৃন্দের হুঁশিয়ারি

**মোঃ আবদুর রহিম :** মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য বহাল রেখে এ শিক্ষাধারাকে আরো আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের শিক্ষানীতির সংশোধনী ও সংযোজনের প্রস্তাবসমূহ গ্রহণ করে শিক্ষানীতি চূড়ান্ত করতে হবে। আর তা না করার অর্থ হবে মাদ্রাসা শিক্ষা ও ধর্মীয় শিক্ষাকে সুপরিকল্পিতভাবে বিলীন করে ফেলা। এ অবস্থায় মাদ্রাসা শিক্ষা বাঁচিয়ে রাখার স্বার্থেই মাদ্রাসা শিক্ষকগণ, দেশের উলামা মাশায়েখ ও ধর্মপ্রাণ ইসলামী জনতা এটা মেনে নেবে না। বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের উদ্যোগে গতকাল জমিয়াতুল মোদার্রেছীন কমপ্লেক্সের সম্মেলন কক্ষে আয়োজিত জাতীয় শিক্ষানীতি-২০০৯-এর পর্যালোচনা ও মতবিনিময় সভায় মোদার্রেছীনের কেন্দ্রীয় ও জেলা নেতৃবৃন্দ এবং উপস্থিত বক্তাগণ একথা বলেন। মতবিনিময় সভায় জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির কো-চেয়ারম্যান ও বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক খলীকুজ্জামান আহমদ বলেন, শিক্ষানীতির লক্ষ্য সকল পর্যায়ের মানুষকে দক্ষ করে গড়ে তোলা। তিনি বলেন, শিক্ষানীতির লক্ষ্য মানুষের মধ্যে নৈতিকতা সৃষ্টি। সুতরাং শিক্ষানীতিতে অবশ্যই ধর্মশিক্ষা থাকবে। ধর্মকে বাদ দিয়ে কোন সুষ্ঠু সমাজ গঠন সম্ভব নয়। শিক্ষানীতিতে ধর্মহীন শিক্ষা ব্যবস্থার কোন সুপারিশ নেই। দেশে ধর্মহীন শিক্ষা ব্যবস্থা হবে না। তিনি বলেন, শিক্ষানীতির খসড়া এবং এ বিষয়ে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের সংযোজন ও সংশোধনের সুপারিশের বিষয়ে শিক্ষানীতি প্রণয়ন কমিটির আপত্তি থাকার মত কোন বিষয় নেই। তিনি বলেন,

পৃঃ ২ কঃ ১